

ইবিতে এখনো ১৩২৬ আসন ফাঁকা

নিজস্ব প্রতিবেদক

২৫ নভেম্বর ২০২২ ০৯:১৮ এএম | আপডেট: ২৫ নভেম্বর ২০২২

০৯:১৮ এএম



ইসলামী বিশ্ববিদ্যালয়

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক সম্মানে দ্বিতীয় মেধা তালিকার ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে। এতে ১ হাজার ৯৯০টি আসনের মধ্যে ৬৬৪ জন শিক্ষার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন করেছেন। বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড.আহসান উল আশ্বিয়া এ তথ্য নিশ্চিত করেছেন।

আইসিটি সেল সূত্রে জানা যায়, ‘এ’ ইউনিটে (বিজ্ঞান) ৯৪৯ আসনের বিপরীতে ২৬৬ জন, ‘বি’ ইউনিটে (মানবিক) ৬০৮ আসনের বিপরীতে ২১৩ জন, ‘সি’ ইউনিট (বাণিজ্য) থেকে ৪৩৩ আসনের বিপরীতে ১৮৫ জন ভর্তি হয়েছেন। এই তিন ইউনিটে মোট আবেদন জমা পড়েছিল ৪২ হাজার ৯৬৫টি। প্রথম ও দ্বিতীয় মেধা তালিকা থেকে ভর্তি শেষে আসন খালি রয়েছে ১ হাজার ৩২৬টি। আসন খালি থাকা সাপেক্ষে শিগগিরই তৃতীয় মেধা তালিকা প্রকাশের বিজ্ঞপ্তি ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে প্রকাশ করবে বিশ্ববিদ্যালয়।

advertisement

আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. আহসান উল আমিয়া বলেন, ভর্তির সঠিক সংখ্যা এখন বলা যাচ্ছে না। যেসব শিক্ষার্থী ভর্তি হয়েছেন তারা অনেকেই আবার অন্য বিশ্ববিদ্যালয়েও মাইগ্রেশনের মাধ্যমে চলে যেতে পারে। বর্তমান ভর্তির সংখ্যাটা যে ঠিক থাকবে তা এখনই বলা যাচ্ছে না।

advertisement 4